

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫-৩৬৮

তারিখ : ২০-০৪-২০১৬ খ্রি:


বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আভারপ্রিভিলেজড রুম্রাল ইয়েং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আম্যমাণ কম্পিউটার ভ্যালু মে' ২০১৬ মাসে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপ্রণালী প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আভারপ্রিভিলেজড রুম্রাল ইয়েং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যালুর মাধ্যমে উপজেলা পর্যায়ে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আগামী মে' ২০১৬ মাস থেকে ৭টি বিভাগের নিম্নের ছকে বর্ণিত ৭টি ডেন্যুতে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | মে' ২০১৬ মাসে প্রশিক্ষণ ডেন্যু (উপজেলা) |
|-----------|-------------|------------|---|
| ০১। | ঢাকা | গোপালগঞ্জ | কোটালিপাড়া |
| ০২। | চট্টগ্রাম | ফেনী | ছাগলনাইয়া |
| ০৩। | রাজশাহী | সিরাজগঞ্জ | কাজীপুর |
| ০৪। | খুলনা | খুলনা | কয়রা |
| ০৫। | বরিশাল | পটুয়াখালী | দশমিনা |
| ০৬। | সিলেট | হবিগঞ্জ | বানিয়াচং |
| ০৭। | রংপুর | ঠাকুরগাঁও | বালিয়াডাঙ্গা |

এক মাসের কোর্সটি প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১ টা - বিকাল ৫টা) বাস্তবায়িত হবে। ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক যুবক ও যুব মহিলার (এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলা) সমন্বয়ে গঠিত প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ৪০ জন। উল্লেখ্য শুধুমাত্র সিলেট বিভাগে প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ২৪ জন। গত ১৪-০৭-২০১৫ তারিখ ৩৪.০১.০০০০.০৪০. ৪৩.৩০.২০১৫-০৬ সংখ্যাক পত্রে প্রকল্পের পরিচিতি ও প্রশিক্ষণ বিষয়ে সার্বিক দিক নির্দেশনা দিয়ে প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রস্তুতির অনুরোধ জানানো হয়েছিল।

প্রশিক্ষণ শুরুর নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণার্থী মনোনয়ন-প্রস্তাব সংশ্লিষ্ট উপ-পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ এবং আইসিটি ট্রেনিং ভ্যানটি এক মাসের জন্য একটি সুবিধাজনক স্থানে (যেখান থেকে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) ও নিরাপদ্মা বেষ্টনীর মধ্যে রাখার বিষয়ে উল্লেখিত পত্রে নির্দেশনা দেয়া হয়েছিল। আপনার জেলার ঘনোনীত উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের আয়োজনে ভারপূরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক প্রস্তুতির অগ্রগতি জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আব্দুল হাত্তান খান)
যুগ্ম-সচিব

প্রকল্প পরিচালক (অঃ দাঃ)

টেকাব প্রকল্প

ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

গোপালগঞ্জ/ফেনী/সিরাজগঞ্জ/খুলনা/পটুয়াখালী/হবিগঞ্জ/ঠাকুরগাঁও জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা।
- ০২। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ/ফেনী/সিরাজগঞ্জ/খুলনা/পটুয়াখালী/হবিগঞ্জ/ঠাকুরগাঁও জেলা।
- ০৪। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, গোপালগঞ্জ/ফেনী/সিরাজগঞ্জ/খুলনা/পটুয়াখালী/হবিগঞ্জ/ঠাকুরগাঁও জেলা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। উপজেলা চেয়ারম্যান, ----- উপজেলা ----- জেলা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, ----- উপজেলা ----- জেলা।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি।